দৈনিক ইনকিলাব

22 FEB 20 3

তারিখ ..........

পৃষ্ঠা ..........

# বেসরকারী শিক্ষক-কর্মচারী অবসর সুবিধা বোর্ডের পরিচালনা পরিষদ গঠিত

**স্টাফ রিপোর্টার ঃ** বেসরকারী স্কুল-কলেজ ও মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের অবসরকালীন সুবিধা প্রদানের লক্ষ্যে বোর্ড পরিচালনা পরিষদ গঠিত হয়েছে। শিক্ষা মন্ত্রণালয় ২১ সদস্যবিশিষ্ট উক্ত পরিষদ গঠন করে পরিষদের সদস্যদের কাছে চিঠি দিয়েছে। গঠিত ২১ সদস্যবিশিষ্ট পরিষদের সভাপতি থাকবেন শিক্ষা সচিব। পরিষদের সচিব নির্বাচিত করা হয়েছে মোহাম্মদপুর কেন্দ্রীয় কলেজের প্রিন্সিপাল এম শরিফুল ইসলামকে। পরিচালনা পরিষদের সদ্যদের মধ্যে থাকছেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক, শিক্ষা মন্ত্রণালয়, সংস্থাপন মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয়ের ৩ জন উপসচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পরিচালক।

মন্ত্রণালয় কর্তৃক নির্বাচিত অন্য সদস্যগণ হচ্ছেন বেসরকারী কলেজের প্রিন্সিপাল এম শরীফুল ইসলাম (ঢাকা) সদস্য সচিব, অধ্যাপক আবদুর রশীদ (রাজশাহী),

২-এর পৃঃ ৮-এর কঃ দেখুন

## বেসরকারী শিক্ষক অবসর সুবিধা

প্রথম পৃষ্ঠার পর

অধ্যাপক আবুল কাশেম (ময়মনসিংহ), বেসরকারী মাদ্রাসার মাওলানা জায়নুল আবেদীন (ঢাকা), মাওলানা নূর মোহাম্মদ (বরিশাল) ও মাওলানা জালাল উদ্দীন (চট্টগ্রাম), বেসরকারী স্কুলের শিক্ষক নেতা নজরুল ইসলাম (রাজশাহী), শিক্ষক নেতা মোঃ সেলিম ভূঁইয়া (ঢাকা) ও বিশিষ্ট শিক্ষাবিদ প্রধান শিক্ষক সরদার আলী।

ব্যবসায় প্রশাসনের শিক্ষক সদস্য প্রিন্সিপাল মাহমুদুন নবী, কারিগরি ইনস্টিটিউটের শিক্ষক সদস্য আবদুর রাজ্জাক। বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান কর্মচারী সদস্য (কলেজ) শফর আলী (সাভার), (স্কুল) হারুনুর রশিদ ও (মাদ্রাসা) মহাখালী আলিয়া মাদ্রাসার একজন প্রবীণ সহকারী।

উল্লেখ্য, বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসা থেকে অবসর গ্রহণকারী শিক্ষক-শিক্ষিকা কর্মচারী এবং মৃত্যুবরণকারী শিক্ষকের পরিবারকে অবসর সুবিধা ও আর্থিক সুবিধা প্রদানের জন্য উক্ত পরিচালনা পরিষদ গঠিত হয়েছে। বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান কর্মচারী ফেডারেশনের নেতৃবৃন্দ অভিযোগ করেছেন, এক ব্যক্তির ইচ্ছা অনুযায়ী স্কুল, কলেজ ও মাদ্রাসা শিক্ষক প্রতিনিধিদের নির্বাচিত করা হয়েছে। একই কারণে কর্মচারী ফেডারেশনের কোন সদস্যকে উক্ত বোর্ড পরিচালনা পরিষদের সদস্য করা হয়নি। নেতৃবৃন্দ এর তীব্র নিন্দা করেছেন।